



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pro@bhbfc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনে পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচি পালন



২৮ জানুয়ারী ২০১৭ খ্রি. তারিখে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের সদর দফতরসহ ৩০ (ত্রিশ)টি জোনাল ও রিজিওনাল অফিসে একযোগে পরিষ্কার-পরিচ্ছন্ন কর্মসূচি পালিত হয়। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক দেবাশীষ চক্রবর্তী সদর দফতর ভবনে এ কর্মসূচির উদ্বোধন করেন। কর্পোরেশনের মহাব্যবস্থাপক ড. দৌলতুল্লাহর খানম, মোঃ জাহিদুল হক ও মোঃ আমিন উদ্দিন, উপ-মহাব্যবস্থাপকগণসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এ কর্মসূচীতে অংশগ্রহণ করেন। উক্ত কর্মসূচী অনুযায়ী সকল অফিস কক্ষ, অফিস প্রাঙ্গণ ও অফিস ভবন পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়। অফিস ভবন পরিদর্শনকালে ব্যবস্থাপনা পরিচালক অফিস পরিচ্ছন্নতার গুরুত্ব তুলে ধরে পরিচ্ছন্ন কর্মক্ষেত্র ও কর্মময় পরিবেশ সৃষ্টি ও বজায় রাখার লক্ষ্যে কর্পোরেশনের সকল উপ-বিভাগ, বিভাগ ও দপ্তরসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার নির্দেশ দেন। ব্যবস্থাপনা পরিচালক প্রতি ৩ মাস অন্তর অন্তর এই কর্মসূচী পালন এবং ২০১৭ সালে কর্পোরেশনের শ্রেষ্ঠ পরিচ্ছন্ন বিভাগ, জোনাল ও রিজিওনাল অফিসকে পুরস্কৃত করার ঘোষণা দেন। বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনে প্রথমবারের মত এই কর্মসূচী পালন করা হয়।